একই নম্বর তারিখে স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫২.২০১৪-৮৬২ তারিখঃ ১৮ আগষ্ট, ২০১৬খ্রিঃ।

বিষয়ঃ পবিত্র ঈদূল আযহা উপলক্ষ্যে বিগত বছরের ন্যায় দেশের সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে কোরবানীর পশু জবেহকরণের নিমিত্ত জায়গা ব্যবহারের অনুমতি প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে বিগত বছরের ন্যায় দেশের সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করার লক্ষ্যে গত ১১ আগষ্ট ২০১৬ তারিখ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় স্কুল, রাজউক ও অন্যান্য প্রতিষ্ঠানের জায়গা কোরবানীর পশু জবেহকরণের স্থান হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

এমতাবস্থায়, পবিত্র ঈদূল আযহা উপলক্ষ্যে বিগত বছরের ন্যায় দেশের সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে কোরবানীর পশু জবেহকরণের নিমিত্ত জায়গা ব্যবহারের অনুমতি প্রদানের জন্য তার অধীনস্থঃ প্রতিষ্ঠান/দপ্তর/ সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

খলিল আহমদ
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

বিতরণঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব. কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ(রাজউক), ঢাকা।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

E:\City Corporation\ETC\etc-letter.doc-.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১
www.lgd.gov.bd

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ্করণ ও দ্রুত বর্জ্য অপসারণ নিশ্চিতকল্পে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	:	খন্দকার মোশাররফ হোসেন এম পি মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভার তারিখ ও সময়	:	১১ আগস্ট ২০১৬ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন মোতাবেক সিটি কর্পোরেশন ও পৌরসভায় নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করার কার্যক্রম গ্রহণ করা হয়। কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহ্করণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে সিটি কর্পোরেশন/পৌরসভার কর্মপরিকল্পনা এবং প্রস্তুতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জনস্বাস্থ্যের ও পরিবেশের ক্ষতি না করে রাস্তায় বা উন্মুক্ত সরকারী জায়গার পরিবর্তে সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবেহ করার জন্য জনসাধারণকে অনুরোধ করার জন্য সম্মানিত মেয়রগণকে মাননীয় মন্ত্রী অনুরোধ জানান। স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা ও প্রস্তুতি সম্পর্কে সিটি কর্পোরেশনরের সকল মেয়র ও পৌরসভার মেয়রগণ তাঁদের প্রস্তুতির বিষয় সভাকে অবহিত করেন।
বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) সকল পৌরসভা পশু জবাইয়ের স্থান, ইমামের তালিকা এবং কসাইয়ের তালিকা প্রণয়ন করবে। ১১টি সিটি কর্পোরেশন কোরবানীর পশু জবাইয়ের জন্য ২৯৪৩টি নির্ধারিত স্থান, ৪৮৮৫ জন ইমাম ও ১২৬৩৮ জন কসাইয়ের নামের তালিকা প্রণয়ন করেছে। এ তালিকা সিটি কর্পোরেশনসমূহ স্ব স্ব ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নেবে। কোন কোরবানীদাতা তার পছন্দের ইমাম সাহেবকে নিয়ে আসলে তাকেও তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।

(২) রেল ও সড়ক কর্তৃপক্ষের অব্যবহৃত স্থান, কলোনী এবং স্কুলের মাঠ পশু জবেহ্র জন্য স্থান হিসেবে ব্যবহারের বিষয়ে সিটি কর্পোরেশন ও পৌরসভাকে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পুনরায় অনুরোধ করা হবে।

(৩) কোরবানীর ১০/১৫ দিন আগে প্রতিটি বাড়ীতে কোথায় কখন কোন এলাকার/বাড়ীর পশু জবেহ্ হবে তার বিবরণ সম্বলিত স্লিপ প্রতিটি বাড়ীতে পৌছানোর পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।

(৪) কোরবানীর অন্ততঃ ১০ দিন আগে এলাকাভিত্তিক পশুর হাটে এবং প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে পশু জবেহ্র নির্ধারিত স্থানের তালিকা ব্যানারে টাঙ্গিয়ে দিতে হবে।

(৫) ঈদ-উল-আযহার ২ সপ্তাহ পূর্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক এসএমএস এর মাধ্যমে নির্ধারিত স্থানে কোরবানীর পশু নিয়ে আসার জন্য সিটি কর্পোরেশনসমূহ অনুরোধ করবে।

(৬) কোরবানীর পশু জবাইয়ের নির্ধারিত স্থান ও বর্জ্য অপসারণের তাৎপর্য তুলে ধরে একটি ভিডিও ক্লিপ বিটিভি ও বিভিন্ন বেসরকারী চ্যানেলসমূহে ব্যাপকভাবে প্রচারের জন্য স্থানীয় সরকার বিভাগ থেকে একটি ভিডিও ক্লিপ প্রস্তুত করা হবে।

(৭) নির্ধারিত স্থানে পশু জবাইয়ের বিষয়ে বিজ্ঞাপন প্রচারের জন্য সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহ স্থানীয় ক্যাবল অপারেটরদের অনুরোধ করবে।

(৮) নির্ধারিত স্থানে পশু জবেহ্র গুরুত্ব বর্ণনা করে ইসলামিক ফাউন্ডেশন হতে প্রেরিত লিফলেটের নমুনাটি সিটি কর্পোরেশন/পৌরসভাসমূহকে ছাপিয়ে বিলি করার জন্য অনুরোধ করা হবে।

(৯) সিটি কর্পোরেশন/পৌরসভা সেবা প্রার্থীদের বসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং এ বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে সিটি কর্পোরেশনসমূহের চাহিদাভিত্তিতে তাবু সরবরাহের অনুরোধ করা হবে।

(১০) সিটি কর্পোরেশন পশুর মাংস বহন করার জন্য প্রয়োজনে বিতর্কিত নয় এমন বেসরকারী সংস্থার সহায়তায় সেবা প্রার্থীদের বাড়ীতে পৌছানোর ব্যবস্থা নিশ্চিত করবে।

(১১) পশু জবেহ্র স্থানে আইন শৃঙ্খলা বজায় রাখার জন্য পুলিশ/স্কাউটের সহায়তা নেয়া যাবে।

(১২) জেলা প্রশাসন মনিটরিং টিম গঠন করে এ বিভাগকে অবহিত করবে।

(১৩) সিটি কর্পোরেশন দ্রুততার সাথে বর্জ্য অপসারণের জন্য তাদের গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন করবে।

(১৪) সিটি কর্পোরেশন/পৌরসভা ঈদের ১৫ দিন পূর্বে কন্ট্রোল রুম খুলে ঈদের ১০ দিন আগে এ বিভাগকে অবহিত করবে।

E\city corporation\ETC\Regulation

(১৫) ঢাকা সিটি কর্পোরেশন এলাকার বর্জ্য অপসারণের জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনকে ঢাকা ওয়াসা পানির গাড়ী সরবরাহ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
খন্দকার মোশাররফ হোসেন এমপি
মাননীয় মন্ত্রী

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৮.৩৫২.১৪-৮৬০

তারিখঃ ১৭ আগষ্ট, ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
২। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৩। মাননীয় মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
৪। মাননীয় মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
৫। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। সচিব, রেলপথ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। মেয়র, চট্টগ্রাম/ বরিশাল /কুমিল্লা /রাশাহী /খুলনা /সিলেট / গাজীপুর সিটি কর্পোরেশন
২০। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২৪। যুগ্ম-সচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
২৫। যুগ্ম-সচিব(নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
২৬। প্রধান নির্বাহী কর্মকর্তা,
চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট/ বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজীপুর সিটি কর্পোরেশনঃ
২৭। জেলা প্রশাসক, ঢাকা।
২৮। উপ-সচিব(সিঃ কঃ-২/পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২৯। মেয়র, বেড়া/ফরিদপুর/কোটালীপাড়া/নীলফামারী/বাউফল/ময়মনসিংহ/যশোর/ছাতক/চাঁদপুর/নাটোর পৌরসভা।
৩০। সহকারী সচিব(পৌর-২), স্থানীয় সরকার বিভাগ।

১৭/৮/১৬

(খলিলুর আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

E\city corporation\ETC\Regulation